বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

## বাংলাদেশ ব্যাংকে মূখ্য আইন বিষয়ক কর্মকর্তা (Chief Legal Affairs Officer) পদের কার্যপরিধি (Terms of Reference)

দেশের ব্যাংক এবং আর্থিক খাতের অভিভাবক তথা কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক এবং আর্থিক খাতের জন্য প্রতিনিয়ত নীতি, প্রবিধি এবং নির্দেশনা প্রণয়ন, পরিবর্তন এবং পরিমার্জন করতে হয়। এরূপ নীতি প্রণয়ন, পরিবর্তন, পরিমার্জন এবং এতদ্‌সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে বিভিন্ন রিট পিটিশন, মামলাসহ বিভিন্ন আইনগত দিক জড়িত থাকে। যে কোন নীতি/প্রবিধি প্রণয়নের পূর্বে Vetting এবং আদালতে চলমান মামলাসমূহ নিয়মিত তদারকিকরণ এর পাশাপাশি বিভিন্ন বিভাগ/অফিসের চাহিদার প্রেক্ষিতে বা রুটিন বিষয়ে আইনী মতামত গ্রহণ করতে হয়। Policy, operation এবং supervision সংক্রান্ত বিভাগসমূহের কাজের ক্ষেত্রে এবং বাংলাদেশ ব্যাংকের প্রশাসনিক বিষয়ে বিভিন্ন রিট পিটিশন, মামলা এবং অন্যান্য আইনগত বিষয়ের সম্মুখীন হতে হয়। দেশের কেন্দ্রীয় ব্যাংক এবং আর্থিক খাতের অভিভাবক হিসেবে সামগ্রিক এবং সমন্বিতভাবে আইনগত অবস্থান দৃঢ় সুসংহত করা প্রয়োজন বিধায় উপরোল্লিখিত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে বাংলাদেশ ব্যাংকের কার্যাবলীর আইনগত দিকসমূহ সঠিকভাবে সম্পাদন, নিজস্ব প্রশাসনিক সিদ্ধান্তের বিষয়ে আইনগত দিক বিশ্লেষণ, আন্তঃবিভাগ আইনগত বিষয় সমন্বয়, রিট পিটিশন ও মামলার সঠিক তদারকিকরণ ইত্যাদি বিষয়াদি নিশ্চিতকরণার্থে বাংলাদেশ ব্যাংকের আইন বিভাগের সার্বিক দায়িত্ব পালনের জন্য মূখ্য আইন বিষয়ক কর্মকর্তা (Chief Legal Affairs Officer) নামে চুক্তিভিত্তিক একজন কর্মকর্তা নিয়োগ করা হবে। তিনি আইন বিভাগের সার্বিক দায়িত্ব পালন করবেন।

**২) মূখ্য আইন বিষয়ক কর্মকর্তা (Chief Legal Affairs Officer) নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করবেন :**

১. আইন বিভাগের কার্যক্রমের সার্বিক দায়িত্ব পালন;

২. বাংলাদেশ ব্যাংকের মামলা সংক্রান্ত কার্যক্রম তদারকি করা;

৩. বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক এবং আর্থিক খাত বিষয়ক যে কোন নীতি/প্রবিধি/নির্দেশনা প্রণয়নে আইনগত দিক বিশ্লেষণ এবং এতদ্‌সংক্রান্ত বিষয়ে মতামত প্রদান;

৪. বিভিন্ন বিভাগ/অফিসের চাহিদার প্রেক্ষিতে বা রুটিন বিষয়ে আইনগত মতামত প্রদান;

৫. যে কোন নীতি/প্রবিধি/পদ্ধতি প্রণয়নের পূর্বে Vetting করণ;

৬. আদালতে চলমান রিট পিটিশন এবং মামলাসমূহ নিয়মিতভাবে তদারকিকরণ;

৭. বাংলাদেশ ব্যাংকের পক্ষে/বিপক্ষে বিদ্যমান রিট পিটিশন এবং মামলাসমূহের বিষয়ে আইনি দিক বিশ্লেষণ এবং নিয়োগকৃত আইনজীবীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

৮. লিগ্যাল নোটিশ এর জবাব প্রদানে সহায়তাকরণ;

৯. নিয়োগকৃত আইনজীবীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

১০. বাংলাদেশ ব্যাংকের বিপক্ষে দায়েরকৃত মামলায় রুল নিশি ও আরজি বিশ্লেষণ করে প্রয়োজনীয় মতামত প্রদান;

১১. বাংলাদেশ ব্যাংকের অমীমংসিত মামলাগুলোর দ্রুত নিষ্পত্তির নিমিত্ত ব্যবস্থা গ্রহণ;

১২. বাংলাদেশ ব্যাংকের পক্ষে প্রেরিতব্য উকিল নোটিশ, ব্যাংক কর্তৃক প্রাপ্ত উকিল নোটিশের জবাব প্রস্তুতে সহায়তা প্রদান;

১৩. সরকারী/বেসরকারী দপ্তরে অনুষ্ঠিত কোন সভায় অংশগ্রহণ এবং আইনি বিষয়ে প্রয়োজনীয় মতামত প্রদান;

১৪. মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বিভিন্ন মন্ত্রনালয়সহ বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ ও শাখা অফিসের সাথে তথ্যের আদান প্রদানে সহায়তাকরণ;

১৫. তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় বিভিন্ন বিষয়ে মতামত প্রদান;

১৬. ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে আইনি বিষয়ে যে কোন কার্যক্রম গ্রহণ।

**৩) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী :**

১. শিক্ষাগত যোগ্যতা : স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতক ডিগ্রী।

২. অভিজ্ঞতা : আইন বিষয়ক পেশায় কমপক্ষে ২৫(পঁচিশ) বছরের অভিজ্ঞতা।

৩. মাসিক বেতন : আলোচনা সাপেক্ষ।

৪. জাতীয়তা : বাংলাদেশী।

৫. চুক্তির মেয়াদ : প্রাথমিকভাবে ০২(দুই) বছর; প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য।

৬. অন্যান্য : বাংলাদেশ ব্যাংকের বিরুদ্ধে কোন মামলা গ্রহণ ও পরিচালনা করতে পারবেন না এবং সম্পাদিতব্য চুক্তি মোতাবেক অন্যান্য শর্ত।

**৪) রিপোর্টিং :** মূখ্য আইন বিষয়ক কর্মকর্তা (Chief Legal Affairs Officer) সংশ্লিষ্ট ডেপুটি গভর্নর মহোদয়ের নিকট রিপোর্ট করবেন। আইন বিভাগের পরিচালক মূখ্য আইন বিষয়ক কর্মকর্তা (Chief Legal Affairs Officer) এর নিকট রিপোর্ট করবেন।